1. কোম্পানির সংজ্ঞা দাও। ইহার বৈশিষ্ট্যগুলি কী কী?

সাধারন অর্থে কোম্পানি হল কয়েকজন ব্যক্তিকে মিলিত করা একটি স্ব ইচ্ছাকৃত স্বেচ্ছাকৃত সংঘ যার উদ্দেশ্য হল কোনো ব্যবসা পরিচালনা করা এবং বিশেষ উদ্দেশ্য সাধনের জন্য স্বেচ্ছায় গঠিত বা কোম্পানি আইন দ্বারা নিবন্ধিত।

1956 সালের কোম্পানি আইন গঠিত হলেও সংশোধিত ও পরিমার্জিত 2013 সালের কোম্পানি আইনের u/s 2(20) ধারা অনুসারে কোম্পানি হল আইন দ্বারা নিবন্ধীত বা অতীতের কোনো কোম্পানি আইন অনুসারে নিগমভুক্ত, অর্থাৎ বলা যেতে পারে, কোম্পানি হল, "আইন স্বীকৃত কোনো কৃত্রিম ব্যক্তি যার নির্দিষ্ট নাম ও সিলমোহর আছে এবং সীমাবদ্ধ দায় বিশিষ্ট নির্দিষ্ট মূল্যের হস্তান্তরযোগ্য শেয়ারে গঠিত এবং নিরবিচ্ছিন্ন অস্তিত্ব বিদ্যমান।

Sudarsan Adak - 9732678092

** কোম্পানির যে সকল বৈশিষ্ট্য পরিলক্ষিত হয় সেগুলি নিম্নরূপ —

(i) ব্যক্তিবর্গের সমিতি [Association of Person] : —

একাধিক ব্যক্তির মিলিত প্রচেষ্টায় কোম্পানি গঠিত হলেও প্রাইভেট কোম্পানির ক্ষেত্রে ন্যূনতম 2 জন ও সর্বোচ্চ সদস্য সংখ্যা 200 জন এবং পাবলিক কোম্পানির ক্ষেত্রে ন্যূনতম 7 জন ও সর্বোচ্চ সদস্য সংখ্যার কোনো সীমাবদ্ধতা নেই।

(ii) নিবন্ধন [Registration] : ~

কোম্পানি নিবন্ধন বাধ্যতামূলক। নিবন্ধন ব্যতীত কোম্পানি আইনসম্মত স্বীকৃতি লাভ করেনা। অর্থাৎ আইনগত অধিকার থেকে বঞ্চিত হয়। সেজন্য বলা হয়, "Company is the creation of law".

(iii) চিরন্তন অস্তিত্ব : [Perpetual Succession] :

আইনের চোখে কোম্পানির অস্তিত্ব চিরন্তন অর্থাৎ কোনো সদস্যের মৃত্যু হলে বা মস্তিষ্ক বিকৃত বা দেউলিয়া বা শেয়ারের মালিকানার পরিবর্তন হলে কোম্পানির অস্তিত্ব ক্ষুন্ন হয় না, অর্থাৎ বলা যেতে পারে নদীর জল যেমন প্রবাহমান ঠিক তেমনি কোম্পানিও আইন দ্বারা চিরন্তন।

(iv) মূলধন [Capital] :

জনসাধারনের কাছে শেয়ার বিলি করে কোম্পানি মূলধন সংগ্রহ করে। কোম্পানির মোট মূলধনকে ক্ষুদ্র ক্ষুদ্র অংশে বিভক্ত করে ওই অংশগুলোকে শেয়ার হিসাবে পরিগনিত করা হয় এক্ষেত্রে শেয়ার হোল্ডারগনকে কোম্পানির মালিক হিসাবে গন্য করা হয়।

(v) সিলমোহর [Seal] :

কোম্পানি বস্তু নিরপেক্ষ ব্যক্তি। ইহার কোনো শারীরিক অস্তিত্ব নেই, সেক্ষেত্রে কোম্পানির কাজের নিশান স্বরূপ সিলমোহর

Scanned with CamScanner

Scanned with CamScanner

বিভিন্ন ধরনের দলিল বা প্রয়োজনীয় কাগজপত্রে বিশ্বাসযোগ্যতার নিদর্শন হিসাবে কাজ করে।

(vi) মুনাফা বন্টন [Profit distribution] :

প্রতিটি কোম্পানি যে পরিমান মুনাফা অর্জন করে তারা শেয়ারহোল্ডারদের প্রাপ্য। কোম্পানির বন্টনযোগ্য মুনাফা থেকে প্রথমে প্রেফারেন্স শেয়ারদের বন্টন করার পর অবশিষ্ট টাকা আইন মোতাবেক ইকুইটি শেয়ারদের আনুপাতিক হারে বন্টন করা হয়।

(vii) চুক্তির যোগ্যতা [Contractual capacity] :

কোনো শেয়ারহোল্ডার তার কার্য দ্বারা কোম্পানিকে আবদ্ধ করতে পারে না কিন্তু তৃতীয় ব্যক্তি কোম্পানির সংগে চুক্তিবদ্ধ হতে পারে বা আইন মোতাবিক কার্য গ্রহন করতে পারে।

(viii) শেয়ার হস্তান্তর [Transfer of Share] :

কোম্পানির শেয়ার হস্তান্তরযোগ্য, হস্তান্তরের ফলে কোম্পানির মালিকানার পরিবর্তন হয় তবে প্রাইভেট কোম্পানীতে শেয়ার হস্তান্তরের কিছু বিধিনিষেধ রয়েছে।

2. Tribunal - বলতে কী বোঝো?

2013 সালের কোম্পানি আইনের u/s 2(90) ধারা অনুসারে Tribunal বলতে বোঝায় National Company Law Tribunal [NCLT] যারা u/s 208 অনুসারে গঠিত।

কেন্দ্রীয় সরকার বিজ্ঞপ্তি জারির মাধ্যমে একটি Board গঠন করে, সেক্ষেত্রে NCLT এর একজন সভাপতি সমসংখ্যক Judicial Member এবং Technical Members নিয়ে গঠিত, কিন্তু Tribunal এর কাজ কর্ম ও ক্ষমতা কোম্পানি আইন বা সমকালীন অন্য কোনো আইন এ দেওয়া অধিকারের মধ্যে সীমাবদ্ধ।

Scanned with CamScanner

3. প্রাইভেট কোম্পানি ও পাবলিক কোম্পানির মধ্যে পার্থক্য নিরূপণ করো।
Differences between Private company and Public company

প্রাইভেট কোম্পানি ও পাবলিক কোম্পানির মধ্যে যে সকল পার্থক্য পরিলক্ষিত হয় সেগুলি নিম্নরূপ—

| বিষয় | প্রাইভেট কোম্পানি | পাবলিক কোম্পানি |
|---|---|---|
| 1. সদস্য সংখ্যা u/s 3 | প্রাইভেট কোম্পানির ক্ষেত্রে ন্যূনতম 2 জন ও সর্বোচ্চ সদস্য সংখ্যা 200 জন। | পাবলিক কোম্পানির ক্ষেত্রে ন্যূনতম সদস্য সংখ্যা 7 জন ও সর্বোচ্চ সদস্য সংখ্যার ব্যাপারে কোনো সীমাবদ্ধতা নেই। |
| 2. মূলধন | প্রাইভেট কোম্পানিতে নিবন্ধিত হওয়ার জন্য ন্যূনতম ২ লক্ষ টাকা আদায়ীকৃত মূলধন প্রয়োজন। | পাবলিক কোম্পানিতে নিবন্ধীত হওয়ার জন্য ন্যূনতম ৫ লক্ষ টাকা আদায়ীকৃত মূলধন প্রয়োজন। |
| 3. বিবরণপত্র প্রকাশ | প্রাইভেট কোম্পানির ক্ষেত্রে বিবরণপত্রের মাধ্যমে জনগণের নিকট থেকে শেয়ার বাবদ মূলধন সংগ্রহ হয় না বলে বিবরণপত্র প্রকাশ করা বাধ্যতামূলক নয়। | পাবলিক কোম্পানির ক্ষেত্রে বিবরণপত্র প্রকাশ করা এবং নিবন্ধকের নিকট দাখিল করা বাধ্যতামূলক। |
| 4. পরিচালকের সংখ্যা | প্রাইভেট কোম্পানির ক্ষেত্রে ন্যূনতম পরিচালকের সংখ্যা 2 জন। মহিলা পরিচালক বাধ্যতামূলক নয়। | পাবলিক কোম্পানিতে পরিচালকের ন্যূনতম সংখ্যা 3 জন, সেক্ষেত্রে 1 জন মহিলা বাধ্যতামূলক। |
| 5. ব্যবহার | প্রাইভেট কোম্পানির নামের শেষে Pvt. Ltd. কথাটি ব্যবহৃত হয়। | পাবলিক কোম্পানির নামের শেষে Ltd. কথাটি ব্যবহৃত হয়। |
| 6. পরিচালকের পারিশ্রমিক | এই কোম্পানির ক্ষেত্রে পারিশ্রমিকের ব্যাপারে কোনো বিধিনিষেধ নেই | পরিচালকের মোট পারিশ্রমিক নিট মুনাফার 11% এর বেশি হবে না। |

Sudarsan Adak

Scanned with CamScanner

| বিষয় | প্রাইভেট কোম্পানি | পাবলিক কোম্পানি |
|---|---|---|
| ৪. গণপূর্তি | প্রাইভেট কোম্পানির সাধারণ সভার কাজ আইনসম্মত পরিচালনা করতে ন্যূনতম ২ জন সদস্য এর উপস্থিতি প্রয়োজন। | পাবলিক কোম্পানির সাধারণ সভার কাজ আইনসম্মত পরিচালনা করতে ন্যূনতম ৫ জন সদস্য এর উপস্থিতি প্রয়োজন। |

4. Public Company কীভাবে Private Company তে রূপান্তরিত হয়? [Convertion of a Public company into a Private company].

পাবলিক কোম্পানিকে প্রাইভেট কোম্পানিতে রূপান্তরিত হতে হলে প্রথমেই Tribunal এর অনুমোদন প্রয়োজন। কোম্পানী আইনের U/S 14(2) অনুসারে অনুমোদিত হওয়ার পর INC 27 নং Form পূরণ করে প্রয়োজনীয় ফি দিয়ে 15 দিনের মধ্যে পরিমেল নিয়মাবলিতে মুদ্রিত কপি Registrar এর নিকট জমা দিতে হবে।

** Public Company কে Private Company তে রূপান্তরিত করার জন্য নিম্নলিখিত পদ্ধতি অবলম্বন করা প্রয়োজন —

(i) বিশেষ সিদ্ধান্ত :
পরিমেল নিয়মাবলিতে সংশোধন করে সিদ্ধান্ত গ্রহণ করতে হবে।

(ii) Tribunal এর অনুমোদন :
Tribunal যতক্ষন পর্যন্ত এটার অনুমোদন না করে থাকে ততক্ষন পর্যন্ত এটা অনুমোদন করা যাবে না।

(iii) অনুমোদিত কপি পেশ :
সিদ্ধান্তের কপি এবং Tribunal এর অনুমোদিত কপি 15 দিনের মধ্যে INC 27 নং Form এ প্রয়োজনীয় Fee দিয়ে Registrar এর নিকট জমা দিতে হবে।

(iv) কোম্পানির নাম এর পরিবর্তন :
কোম্পানির নাম এবং লিমিটেড শব্দটির আগে প্রাইভেট কথাটি যুক্ত করতে হবে।

Scanned with CamScanner

5. একক ব্যক্তির কোম্পানী গঠনে কী কী বিষয় উল্লেখ করতে হয়?

→ কোম্পানী আইনের u/s 2(62) ধারা অনুযায়ী একক ব্যক্তির কোম্পানী বলতে বোঝায় এমন একটি কোম্পানী যার একজন ব্যক্তি সদস্য হিসাবে পরিগণিত, এই কোম্পানীতে কোম্পানীর সমস্ত শেয়ার মূলধনের মালিক এবং নিজেই নিয়ন্ত্রণ ও তত্ত্বাবধানে প্রতিষ্ঠান পরিচালনা করে।

2013 সালের কোম্পানী আইনের u/s 3(1) বিধান অনুযায়ী নিম্নলিখিত বিষয়গুলি উল্লেখ করতে হবে।—

(i) একক ব্যক্তির কোম্পানী গঠনে ন্যূনতম একজন সদস্যের প্রয়োজন।

(ii) কেবলমাত্র স্বাভাবিক ব্যক্তিরা কোম্পানীর সদস্য হতে পারে।

(iii) একক ব্যক্তি কোম্পানীর স্মারকলিপি (MOA- Memorandum of Association) অন্য ব্যক্তির নাম নির্দেশ করবে এবং গ্রাহকের মৃত্যু বা অক্ষমতাতে কোনো ব্যক্তি সদস্য হিসাবে পরিগণিত হতে হলে স্মারকলিপি ও পরিমেল নিয়মাবলি নিবন্ধকের নিকট দাখিল করতে হয়।

(iv) নাবালক এই প্রকার কোম্পানীর ক্ষেত্রে সদস্য হতে পারে না।

(v) ভারতীয় নাবালক নাগরিক কিংবা ভারতীয় আবাসিক যিনি পূর্ববর্তী বছরে 182 বা ততোধিক দিন উপস্থিত থাকলে সেই প্রকার কোম্পানী সদস্য হিসাবে পরিগণিত হতে পারে।

(vi) কোম্পানী আইনের u/s 2(40) অনুসারে নগদ প্রবাহ বিবরণী (Cash Flow Statement) প্রস্তুত করা বাধ্যতামূলক নয়।

(vii) নিগমভুক্তির তারিখ হইতে 2- বছর অতিক্রান্ত না হইলে এই প্রকার কোনো কোম্পানী ইচ্ছা অনুসারে অন্য ধরনের কোনো কোম্পানীতে রূপান্তরিত হতে পারে না।

(viii) কোম্পানী আইনের u/s 96(1) ধারা অনুযায়ী একক ব্যক্তির কোম্পানীর ক্ষেত্রে বার্ষিক সাধারণ সভা আহ্বান করতে হয় না।

6. একটি প্রাইভেট কোম্পানী কীভাবে পাবলিক কোম্পানীতে রূপান্তরিত হয়?

→ নিম্নলিখিত বিষয়গুলির মাধ্যমে একটি প্রাইভেট কোম্পানী পাবলিক কোম্পানীতে রূপান্তরিত হয়।

(i) <u>পরিমেল নিয়মাবলীর পরিবর্তন</u>:

2013 সালের ভারতীয় কোম্পানী আইনের u/s 14(1)(a) ধারার বিধান অনুসারে বিশেষ প্রস্তাব গ্রহণের মাধ্যমে পরিমেল নিয়মাবলি পরিবর্তন করে Private Company কে Public Company তে রূপান্তরিত করা যায়।

Scanned with CamScanner

(ii) <u>সিদ্ধান্তের নকল</u> :

সিদ্ধান্ত গ্রহণের 30 দিনের মধ্যে 97 নং ফর্মে নির্ধারিত ফি প্রদানপূর্বক Registrar এর কাছে জমা দিতে হবে।

(iii) <u>সদস্য সংখ্যা হ্রাস</u> :

যদি 7 জনের কম সংযুক্ত সদস্য থাকে সেক্ষেত্রে তা বৃদ্ধি করে কোম্পানী নিবন্ধনের দিনের 15 দিনের মধ্যে দাখিল করতে হবে।

(iv) <u>নাম পরিবর্তন</u> :

কোম্পানীটির Ltd. কথাটির স্থলে Pl. কথাটিকে যোগ দিতে হবে এবং সমস্ত দলিলপত্রে প্রয়োজনীয় পরিবর্তন করতে হবে।

(v) <u>বিবরণপত্র</u>:

যদি জনগণের নিকট থেকে অর্থ সংগৃহীত হয় সেক্ষেত্রে SEBI এবং Registrar এর কাছে বিবরণপত্র জমা দিতে হবে।

7. কোনো একটি কোম্পানীর Tribunal এর সদস্যদের যোগ্যতা এবং সভাপতির যোগ্যতা কী হওয়া উচিত ?

⇒ 2013 সালের ভারতীয় কোম্পানী আইনের 409 ধারার বিধান অনুসারে যোগ্যতাগুলি নিম্নরূপ —

(i) কোম্পানী আইনের u/s 409 (1) অনুসারে সভাপতি হবেন এমন এক ব্যক্তি যিনি কোনো প্রবীন বিচারালয়ের বিচারক হিসাবে ৫ বছর নিযুক্ত ছিলেন।

(ii) u/s 409(2) অনুসারে নিম্নলিখিত ব্যক্তিগণ Judicial Members হিসাবে নিযুক্ত হতে হলে ন্যূনতম 10 বছর বিচারালয়ে উকিল হিসাবে নিযুক্ত ছিলেন।

(iii) আইন অনুযায়ী u/s 409(3) বিধান অনুসারে একজন Chartered Accountant বা Cost Accountant কমপক্ষে 15 বছরের পেশাগত অভিজ্ঞতা থাকতে হবে।

(iv) ভারতীয় আইন সংক্রান্ত সার্ভিসের সদস্য হিসেবে কমপক্ষে 3 বছর কেন্দ্র সরকারের বা রাজ্যের কাছে অর্থাৎ Joint Secretary এর পদে নিযুক্ত ছিলেন।

Scanned with CamScanner

8. National Company Law Tribunal বা NCLT বলতে কী বোঝো? ইহার গঠন প্রণালী বর্ণনা করো।

⇒ National Company Law Tribunal বলতে বোঝায় — ভারতীয় কোম্পানী আইনের 407 ধারার নির্দিষ্ট অনুসারে গঠিত এবং ভারতীয় কোম্পানির ক্ষেত্রে প্রত্যেক Chairperson, Judicial Member, President, Technical Members, Appellate Tribunal এর Judicial ও Technical উভয় সদস্য দ্বারা গঠিত সংগঠিত কোম্পানি।

গঠন প্রণালী :

কেন্দ্রীয় সরকার বিজ্ঞপ্তি জারি করে কোনো নির্দিষ্ট তারিখ থেকে National Company Law Tribunal নামে একটি ট্রাইবুনাল গঠিত করবে এবং আইনে নির্দিষ্ট Tribunal গঠিত যার হবে একজন President এবং কয়েকজন Judicial ও Technical Members যাদের কেন্দ্রীয় সরকার উপযুক্ত বলে মনে করবে।

9. National Company Law Appellate Tribunal [NCLAT] ইহার গঠন আলোচনা করো।

⇒ ভারত সরকার কোনো একটি নির্দিষ্ট তারিখে বিজ্ঞপ্তি জারির মাধ্যমে National Company Law Appellate Tribunal গঠন করবে। যাহাতে একজন Chairperson এবং সর্বোচ্চ 11 জন Judicial এবং Technical এর আবেদনের সদস্য দ্বারা কেন্দ্রীয় সরকারের আদালতে Tribunal এর আদেশের বিরুদ্ধে শুনানির জন্য কেন্দ্রীয় সরকার বিজ্ঞপ্তি জারি করে Chairperson ও অন্যান্য সদস্যদের নিয়োগ করে থাকে।

10. নিষ্ক্রিয় বা সুপ্ত কোম্পানী বলতে কী বোঝো?

⇒ নিষ্ক্রিয় বা সুপ্ত কোম্পানী হল যে কোম্পানীর কোনো ব্যবসায়িক কার্যকলাপ নেই কিংবা বিগত 10 বছরের কোনো তাৎপর্যপূর্ণ আর্থিক লেনদেন নেই কিংবা বিগত 2 বছরের কোনো আর্থিক বিবরণী বা বার্ষিক বিবরণী দাখিল করেনি সেই সকল কোম্পানীকে নিষ্ক্রিয় বা সুপ্ত কোম্পানী হিসাবে বিবেচনা করা হয়। এই সকল কোম্পানী কোনোভাবে ভবিষ্যৎ পরিকল্পনা রূপায়নের জন্য গঠিত হয়।